

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৯.১৪.- ০৪৩

তারিখ : ৩৩-১২-১৯

বিষয় : খেলাপী বৃদ্ধির কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৯.১৪.- ৩৪৪, তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিঃ।

রাজশাহী বিভাগের আত্মকর্মসংস্থান কর্মসূচির ঋণ কার্যক্রমের জুন'১৬ এবং জুন'১৭ মাসের প্রতিবেদন তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণে লক্ষ্যমাত্রা মোতাবেক খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ অধিকন্তু খেলাপীতে অতিরিক্ত অর্থ যুক্ত করেছে এবং অধিক কিস্তি খেলাপী রয়েছে এমন প্রথম ১০টি উপজেলাকে (পাবনা - সাথিয়া, জয়পুরহাট-কালাই, বগুড়া-নন্দীগ্রাম, সিরাজগঞ্জ- রায়গঞ্জ, শাহজাদপুর, উল্লাপাড়া, রাজশাহী-চারঘাট, বাগমারা, দুর্গাপুর এবং নওগাঁ- মহাদেবপুর) খেলাপী বৃদ্ধির কারণ ব্যাখ্যা করতে সূত্র পত্র দেয়া হয়। কালাই, বাগমারা, দুর্গাপুর এবং মহাদেবপুর উপজেলা আদ্যাবধি খেলাপী বৃদ্ধির কারণ ব্যাখ্যা করে কোন পত্র দেয়নি।


২। বর্ণিত উপজেলাসমূহের জুন'১৭ এবং সেপ্টেম্বর'১৭ মাসের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে প্রাপ্ত তথ্য নিম্নরূপঃ

(লক্ষ টাকা)

নং	জেলা		সেপ্ট'১৭ চলমান আদায়		কিস্তি খেলাপী			ঋণ খেলাপী		
			লক্ষ্যমাত্রা	অর্জন	জুন'১৭	সেপ্ট'১৭	ব্যবধান	জুন'১৭	সেপ্ট'১৭	ব্যবধান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	পাবনা	সাথিয়া	১.২৮	১.২৮	০.৪৬	০.৪০	-০.০৬	৬.৯৭	৬.৪১	-০.৫৬
২	জয়পুরহাট	কালাই	১.৩৪	১.১৫	১.৭৫	২.০৪	০.২৯	১১.০৬	১০.৭৭	-০.২৯
৩	বগুড়া	নন্দীগ্রাম	১.২৫	১.১০	০.৭৬	০.৮৫	০.০৯	৭.৫৪	৭.৪১	-০.১৩
৪	সিরাজগঞ্জ	রায়গঞ্জ	১.১০	১.০৪	২.৬৫	২.৯১	০.২৬	২৮.৮৯	২৮.৭৭	-০.১২
৫		শাহজাদপুর	১.১৫	০.৮৯	৪.০৯	৪.৩০	০.২১	৪.৯৯	৪.৮৫	-০.১৪
৬		উল্লাপাড়া	২.১৪	২.০৯	২.৫৩	২.৮০	০.২৭	৩.৪৬	৩.৪৬	০.০০
৭	রাজশাহী	চারঘাট	১.৮৬	১.৬৩	৩.১৫	২.৪৮	-০.৬৭	৮.০৯	৮.৫৯	০.৫০
৮		বাগমারা	১.০৪	০.৯২	৭.৪১	৭.৯৪	০.৫৩	১১.২১	১১.০৫	-০.১৬
৯		দুর্গাপুর	১.৬৭	১.৩৬	৫.৫১	৫.৭১	০.২০	১১.৯৯	১১.৩৮	-০.৬১
১০	নওগাঁ	মহাদেবপুর	১.৯১	১.৬০	৩.২০	৩.২০	০.০০	৭.১৫	৮.০০	০.৮৫

উপরোক্ত ছকে বর্ণিত তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, সেপ্টেম্বর/১৭ মাসে একমাত্র সাথিয়া উপজেলা ব্যতিত কোন উপজেলার চলমান আদায় শতভাগ অর্জিত হয়নি এবং নিয়মিত কিস্তি খেলাপী বড় হচ্ছে। বিবেচ্য সময়ে সাথিয়া ও চারঘাট উপজেলা ব্যতিত অন্য ০৯টি উপজেলার কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়েছে, চারঘাট এবং মহাদেবপুর উপজেলা ব্যতিত অন্য উপজেলাসমূহের ঋণ খেলাপী সামান্য হ্রাস পেয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, কালাই, বাগমারা, দুর্গাপুর এবং মহাদেবপুর উপজেলাকে পত্রের জবাব প্রদান না করার দায়ে কেন সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জানাতে পুনরায় বলা হলো। একই সাথে সূত্র পত্রের নির্দেশনামতে সমুদয় কিস্তি খেলাপী আদায়, প্রতিমাসে চলমান আদায় শতভাগ অর্জন এবং বছরের শুরুতে বর্ণিত লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ ও খেলাপী ঋণ আদায় করে নির্ধারিত ছকে পাক্ষিক প্রতিবেদন জেলা কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।


(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)

ফোন : ৯৫১৫০১৯

Email- addydpe@gmail.com

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা


.....(সংশ্লিষ্ট) উপজেলা (সংশ্লিষ্ট) জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৪৯.১৪.- ০৪৩

তারিখ : ৩৩-১২-১৯

অনুলিপি বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলাকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন তদারকী নিশ্চিতকরণসহ সংশ্লিষ্ট উপজেলাসমূহের সমন্বিত প্রতিবেদন তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। দপ্তর নথি।


(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)